ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১৬৯.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর DOHS এর অভ্যন্তরে বিদ্যমান পানির পাম্প কম্পাউন্ড সমূহে ডেংগু প্রতিরোধের জন্য ঝোঁপ জঙ্গল ও ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: **মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর DOHS এর অভ্যন্তরে বিদ্যমান পানির পাম্প কম্পাউন্ড সমূহে ডেংগু প্রতিরোধের জন্য ঝোঁপ জঙ্গল ও ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৮/২৩ ৪:৩৯ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ১-২ দেখা যেতে পারে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক ডেঙ্গু প্রতিরোধ তথা মশক নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনার সময় সিটি কর্পোরেশনের প্রতিনিধি কর্তৃক মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর DOHS এর অভ্যন্তরে বিদ্যমান পানির পাম্প কম্পাউন্ড সমুহের ঘন ঝোঁপ জঙ্গল পরিষ্কারের বিষয়ে তাগিদ দেয়া হয়। সেই প্রেক্ষিতে উক্ত পানির পাম্প কম্পাউন্ডগুলি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় উল্লেখিত ০৪(চার)টি পাম্প কম্পাউন্ডের ভিতরে প্রচুর ময়লা আবর্জনা ও বিভিন্ন ধরনের আগাছা রয়েছে, যাতে পানি আটকে থেকে ডেঙ্গু মশার বংশ বিস্তার ঘটার সম্ভাবনা রয়েছে। জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে উক্ত কম্পাউন্ড সমুহ পরিষ্কার করা অত্যন্ত জরুরী। সেই লক্ষ্যে বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়। যাতে প্রাক্কলিত টাকার পরিমান ৪৯,৩০০/- (উনপঞ্চাশ হাজার তিনশত টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আলিফ এন্ড আবিদ ব্রাদার্স এর সাথে মৌখিক ভাবে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠান কর্তৃক আলোচ্য কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জানান। উল্লেখ্য, উক্ত কাজের ব্যয়ভার ২০২৩-২৪ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার Water Pump Compound Maintenance (Code: 01-04-003) খাতের C(ii) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-১)।

সংযুক্তিসমূহ (২):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
২। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৮/২৩ ৪:৪০ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর DOHS এর অভ্যন্তরে বিদ্যমান পানির পাম্প কম্পাউন্ড সমুহে ডেংগু প্রতিরোধের জন্য ঝোঁপ জঙ্গল ও ময়লা আবর্জনা পরিষ্কারকরণ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী মেসার্স আলিফ এন্ড আবিদ ব্রাদার্স এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে ৪৯,৩০০/- (উনপঞ্চাশ হাজার তিনশত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

৯/৮/২৩ ৫:০২ অপরাহ্ন মোঃ আসাদুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০	৯/৮/২৩ ৫:০৩ অপরাহ্ন মোঃ আসাদুজ্জামান সহকারী প্রকৌশলী মডস জোন-১০	১০/৮/২৩ ১২:০২ অপরাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	১০/৮/২৩ ১:২১ অপরাহ্ন মোঃ মিজানুর রহমান তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২

~~১০/৮/২৩ ১:২১ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১১/৮/২৩ ১২:১২ অপরাহ্ন

অনুমোদিত

১১/৮/২৩ ১২:১২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১২/৮/২৩ ৫:২৯ অপরাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	১২/৮/২৩ ৫:২৯ অপরাহ্ন মোঃ আসাদুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০